গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবসের প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উৎযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) বিকাল চারটার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিমুলক সভায় উপস্থিত ছিলেন, দেশ বরণ্য কথা সাহিত্যিক রফিকুর রশীদ, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্েসের মেডিকেল অফিসার ডাক্তার আদিলা আজহার, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, গাংনী ইটভাটা মালিক সমিতির সভাপতি ইনামুল হক, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সাংস্কৃতিক সংগঠক আজিজুল হক রানু।

এসময় বিভিন্ন স্কুল কলেজের প্রধান, সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ, সরকারি দফতরের কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে ৪৮ ইটভাটার সব অবৈধ, পুড়ছে কাঠ

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন স্থানে গড়ে উঠেছে প্রায় অর্ধশত অবৈধ ইটভাটা। উপজেলা প্রশাসনের তালিকা অনুযায়ী বর্তমান চলমান

ইটভাটায় চালিত ইট বহনকারি ট্রলিগুলির চালকরা হচ্ছেন বেশিরভাগই অপ্রাপ্ত বয়স্কো। এসকল ইট বহনকারি ট্রলি বিভিন্ন সড়ক দাপিয়ে বেড়াচ্ছে। ইট বহনারি ট্রলির চাপায় শিশুসহ অনেকেই নিহত হওয়ায় ঘটনাও অনেক বেশি।

আর এ সকল ইটভাটায় প্রতিদিন জ্বালানী কাঠ পোড়ানো হচ্ছে। আর এসব কাঠের উৎস সংরক্ষিত বা গৃহস্থালীর বাগান। ইটভাটার কালো ধোঁয়ায় এলাকার পরিবেশ দূষিত হচ্ছে। ছড়াচ্ছে বিভিন্ন রোগবালাই। এতে পরিবেশ যেমন নষ্ট হচ্ছে,তেমনি নষ্ট হচ্ছে আবাদী জমি, উজাড় হচ্ছে গাছ পালা, ভারসাম্য হারাচ্ছে প্রকৃতি। ইটভাটার আশপাশের আবাদি জমির মালিকরা ফসল ফলাতে পারছেন না তাদের জমিতে।

সচেতন মহলের অভিযোগ, যেখানে সেখানে ইটভাটা তৈরী হওয়ায় আবাদী জমিগুলো নষ্ট হচ্ছে। একটি ইটভাটা তৈরী করতে কমপক্ষে ৭/৮ একর জমির প্রয়োজন হয়। অনেক সময় মাটির প্রয়োজন হলে এলাকার লোকজনের কাছ থেকে আবাদি জমির উপরের এক থেকে দেড়ফুট মাটি কেটে ইট তৈরী করে।এতে ফসলী জমির উর্বরা শক্তি নষ্ট হয়। শুধু তাই নয়, ইটভাটার নির্গত কালো ধোঁয়ায় এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে ও আবাদি জমির ফসল নষ্ট হচ্ছে।কোন ইটভাটায় অনুমতিপত্রের শর্তানুযায়ী এক টুকরা কয়লা ব্যবহার করা হয় না। ব্যবহার করা হয় কাঠ। বিশেষ করে ফলজ ও বনজ বৃক্ষ ছাড়াও বাঁশের মোথা ব্যবহারের ফলে বাঁশঝাড় উজাড় হচ্ছে।

সরকারী নির্দেশনা উপেক্ষা করে এসকল ইটভাটায় কয়লার বদলে কাঠ ব্যবহার করা হচ্ছে। মাঝে মধ্যে প্রশাসনের লোকজন জরিমানা আদায় করলেও ইটভাটা বন্ধ করেনা। ফলে প্রভাবশালীরা প্রতি বছর নতুন নতুন ইটভাটা তৈরী করছে।

গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক জানান, সরকারী ভাবে কাঠ পোড়ানো নিষেধ রয়েছে তার পরেও আমরা কাঠ জ্বালানী হিসাবে ব্যবহার করছি। পার্শ্ববর্তী কুষ্টিয়া জেলার বিভিন্ন ইটভাটায় কাঠ পোড়ানো হচ্ছে। এছাড়াও বিভিন্ন মিলে কাঠ পোড়ানো হচ্ছে। বাংলাদেশে সবজায়গায় অনিয়মের মাধ্যমে কাজ চলছে ।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সু-প্রভা রানী জানান, ইটভাটায় নির্গত কালো ধোঁয়ায় মানুষের শ্বাসকষ্ট, হাপানি, ক্যান্সারসহ নানা রোগের সৃষ্টি হয়। তাছাড়া অতিরিক্ত কার্বণ-ডাই অক্সাইডের কারণে ফসল ও এলাকার পরিবেশ নষ্ট হয়। অনতি বিলম্বে পরিবেশ রক্ষায় প্রশাসনিক পদক্ষেপ জরুরী।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, ইটভাটায় করাত কল স্থাপন করা হয়েছে এমন তথ্য আমার কাছে নেই। তাছাড়া পরিবেশ অধিদপ্তর কয়েকদিন আগে মেহেরপুর সদরে অভিযান চালিয়ে জরিমানা করেছে। গাংনীতেও পরিবেশ অধিদপ্তরের অভিযান হবে।

বঙ্গবন্ধু কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন- এমপি সাগর

মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের কৃষক, শ্রমিক খেটে খাওয়া মানুষকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। আপনারা সেই সমাজের মানুষ। বঙ্গবন্ধুর উত্তরসূরী হিসেবে আমরাও সেই সম্মান রাখতে চাই।

আজ রবিবার (১১ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলা অডিটরিয়ামে ভ্যান চালকদের মাঝে চাদর বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

জাগো মেহেরপুরের আয়োজনে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা আশ্রয় নারী উন্নয়ন সংস্থা, বিশ্বাস পরিবার ও সচিন্দ্র বিশ্বাস ফাউন্ডেশন এই শীতবস্ত্র বিতরণ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাগো মেহেরপুরের আহবায়ক, বিশ্বাস পরিবারের মুখপত্র ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহউদ্দিন শাওন, জাগো মেহেরপুরের মুখপাত্র শোয়েব রহমান।

জাগো মেহেরপুরের যুগ্ম আহবায়ক আব্দুল আলীমের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আশ্রয় নারী উন্নয়ন সংস্থার

পরিচালক আজিজুল হক রানু, সচিন্দ্রনাথ বিশ্বাস ফাউন্ডেশনের পরিচালক অশোক চন্দ্র বিশ্বাস প্রমুখ।

জাগো মেহেরপুরের আহবায়ক ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র (চাদর) বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডাক্তার এএসএম নাজমুল হক সাগর বলেন শেখ হাসিনা সরকারের বিগত তিনবারের উন্নয়ন দেখে দেশবাসী আবারও নৌকা মার্কায় ভোট দিয়েছেন। উন্নয়নের সেই ধারাবাহিকতায় বর্তমান সরকার উন্নয়ন অব্যাহত রাখবে। আর যে জাতি যত সুশৃঙ্খল, সেই জাতিই উন্নতি করবে। বিগত দিনে গাংনীর মানুষ সেটা দেখিয়েছেন। গাংনী উপজেলার প্রতিটি শ্রেনী পেশার মানুষ এখন সুশৃংখল ও দায়িত্ব শীল।

গাংনীর মানুষের চিকিৎসা ক্ষেত্রে সব সময় পাশে থাকার আশ্বাস দিয়ে প্রধান অতিথি আরও বলেন, গাংনীর মানুষের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্েসে পুর্ণাঙ্গ সেবাদানের জন্য তৈরী করা হবে। আপদে বিপদে একে অপরের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করার আহবান জানান প্রধান অতিথি।

উল্লেখ্য,জাগো মেহেরপুরের উদ্যোগে মেহেরপুর শহর ও গাংনী পৌর এলাকার ৭০০ ভ্যান চালকদের মাঝে শীতবস্ত্র (চাদর) বিতরণ করা হয়েছে।

ভুল চিকিৎসায় শিশুর মৃত্যু গাংনীতে ভূয়া চিকিৎসকের দুই বছর কারাদন্ড

ভূল চিকিৎসায় এক নবজাতকের মৃত্যুর ঘটনায় মেহেরপুরের গাংনীতে সুজন আলী নামের এক ভূয়া ডাক্তারের ২০ হাজার টাকা ও দুই বছরের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

ডাক্তার না হয়েও ডাক্তার দাবি করে চিকিৎসা দেওয়ার অপরাধে তাকে গতকাল বৃহস্পতিবার রাত ৮টার দিকে এ দন্ড দিয়ে মেহেরপুর জেলা

কারাগারে পাঠিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম ও গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

দন্ডিত সুজন আলী মহাম্মদপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

বাওট গ্রামের মনিরুল ইসলামের দুই দিন বয়সী নবজাতক শিশুর চিকিৎসার জন্য নেওয়া হয় মহাম্মদপুর গ্রামের হালিমা ফার্মেসীতে। সেখানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপ সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার শরিফুল ইসলামের ব্যক্তিগত চেম্বার ছিল। শরিফুল ইসলামের অনুপস্থিতিতে সেখানে সুজন আলী নামের এক ব্যক্তি নিজেকের ডাক্তার দাবি করে নবজাতকের চিকিৎসা দেয়।

কয়েকটি এন্টিবায়োটিক ওষুধসহ বিভিন্ন ওষুধ দেওয়া হয়। পরিবারের লোকজন বাড়ি ফিরে ওই ওষুধ সেবন করানোর পর নবজাতক আরও অসুস্থ হয়ে পড়ে। বিকেলে নবজাতকের মৃত্যু হলে ওই ফার্মেসীতে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে আরও জানা যায়, সুজন আলী চিকিৎসা দেওয়ার অনুমতির বিষয়ে কোন বৈধতা প্রমাণ করতে পারেননি। ভ্রাম্যমাণ আদালতের কাছে তাকে ভূয়া ডাক্তার হিসেবে প্রমাণ হয়। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন ২০১০ এর ২৯ এর ১ ধারায় দোষী সাব্যস্ত করে দুই বছর কারাদন্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালতের আদেশে দন্ডিত সুজন আলীকে মেহেরপুর জেলা কারাগারে প্রেরণ করা হচ্ছে বলে জানায় পুলিশ।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ আব্দুল আল মারুফ ও গাংনী থানা পুলিশের সহায়তায় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

গাংনীর গাড়াবাড়ীয়াতে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

গাংনীর গাড়াবাড়ীয়াতে বিবাহিত ও অবিবাহিত খেলোয়াড়দের ফুটবল

প্রীতি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেল ৪ টার সময় গাড়াবাড়ীয়া স্কুল এন্ড কলেজ মাঠে এ প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়।

এ খেলায় একদিকে অংশ গ্রহন করেন বিবাহিত ফুটবল খেলোয়াড় বৃন্দ অপরদিকে অংশগ্রহণ করেন অবিবাহিত ফুটবল খেলোয়াড় বৃন্দ।

এসময় খেলায় বিবাহিত খেলোয়াড়দের পক্ষে ক্যাপটেন মামুনর রশীদ, অবিবাহিত ফুটবল খেলোয়াড়দের পক্ষে ক্যাপ্টেন ছিলেন রাজীব হোসেন ও রেপারির দায়িত্ব পালন করেন রোকনুজ্জামান রাজা।

উক্ত খেলার শুভ উদ্বোধন করেন গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম জিনা। উপস্থিত ছিলেন ক্রিড়া প্রেমী ও সন্ধানী স্কুল এন্ড কলেজের গেট টিচার ইমদাদুল হক, ইয়ারুল ইসলাম, মিজারুল ইসলাম।

খেলায় ৪-১ গোলে অবিবাহিত ফুটবল খেলোয়াড়রা জয় লাভ করেন।

গাংনীর ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি ৮৪ ব্যাচের মিলনমেলা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার ব্যাচ চুরাশিয়ানদের উদ্যোগে এসএসসি ১৯৮৪ ব্যাচের মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার দিনব্যাপী ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয় চত্বরে এ মিলনমেলা অনুষ্ঠিত হয়।

ব্যাচের গাংনীর আহবায়ক কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক গোলাম কিবরিয়ার সভাপতিত্বে এবং বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ রেডিওর জনপ্রিয় শিল্পী আব্দুর রশিদের সঞ্চালনায় অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষনা করা হয়।

অনুষ্ঠানের শুরুতে রেজিষ্ট্রেশন, নাস্তা ও বিভিন্ন গিফট আইটেম

সরবরাহ করা হয়। ব্যাচের যে সকল বন্ধুরা মুত্যুবরন করেন তাদের জন্য দোয়া ও মাগফিরাত কামনা করা হয়। ব্যাচের সৈয়দ জাকির হোসেনের গ্রন্থনা ও পরিচালনায় এই অঞ্চলের নীল কুঠি অবলম্বনেলেখা বিশেষ নাটক ” সমঝোতা ” মন্ঞায়ন করা হয় ।

নাটকটিতে ব্রিটিশ শাসনের সময় নীলচাষ ও তাদের অত্যাচারের কাহিনী ফুটিয়ে তোলা হয়। বিভিন্ন চরিত্রে ব্যাচের বন্ধুরা অভিনয় করেন। অনুষ্ঠানে যাচের বন্ধুদের পরিচয়ের মধ্যে দিয়ে বন্ধু মিলনমেলার সার্থকতায় রুপ নেয়। সকল পদপদবী, সামাজিক অবস্থান বাদ দিয়ে শুধু ব্যাচ ৮৪ এই পরিচয়ে সবাই একত্রিত হয়েছিল। ৪০ বছর আগে এসএসসি পাশ করা বন্ধুরা উপস্থিত হতে পেরে তাদের সুখকর অনুভুতি ব্যাক্ত করছিল। সকলের বয়স ৫৫ বছরের অধিক হলেও অনুষ্ঠানে তাদের উচ্ছাস ছিল বাধাহীন। দীর্ঘদিন একজন আরেকজনের সাথে মিলিত হতে পেরে সবাই খুব খুশী ও আনন্দিত। অনুষ্ঠানের শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও আকর্ষণীয় র্রেফেল ড্র অনুষ্ঠিত হয়। ব্যাচ চুরাশিয়ান এর পক্ষ থেকে।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন লিটন মুন্সী, কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মকলেচুর রহমান, জহুরুল হক গামা, সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলি ভুট্টো,জাহাঙ্গীর হোসেন বিশ্বাস, সাবেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চেয়ারম্যান আখেরুজ্জামান , মোর্তুজা আলম বুলবুল, ইডেন মহিলা কলেজের প্রফেসর রেহেনা পারভীন,প্রধান শিক্ষক নাসিমা ইয়াসমিন, প্রধান শিক্ষক আব্দুল মান্নান , প্রধান শিক্ষক মাহবুবুর রহমান কাজল সহ মেহেরপুর জেলাসহ পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলার এসএসসি ১৯৮৪ সালের বন্ধুরা উপস্থিত ছিলেন ।

গাংনীতে যৌথ অভিযানে যুবককে জেল জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে র্যাবের ও ভ্রাম্যমান আদালতের যৌথ অভিযানে নেশা জাতীয় ইনজেকশন ও গাঁজাসহ আটক আসাদুজ্জামান রাব্বি

(২৪) কে এক বছর বিনাশ্রম কারাদণ্ডাদেশ দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) দুপুর ৩ টার দিকে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এই দণ্ডাদেশ দেন।

এসময় র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ মেহেরপুর ক্যাম্পর কমান্ডার এএসপি মনিরুজ্জামান উপস্থিত ছিলেন।

দণ্ডিত আসাদুজ্জামান রাব্বি গাংনী উপজেলার গোপালনগর গ্রামের মোঃ রবিউল ইসলামের ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৯(১)(গ) ও ৩৬(১)(১৬) ধারায় এক বছর বিনাশ্রম কারাদণ্ড ও নগদ এক হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এর আগে র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিসি-৩, মেহেরপুর এর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এবং নির্বাহী ম্যাজিস্ট্রট ও সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের নেতৃত্বে গাংনী পৌরসভার ০৪ নং ওয়ার্ডের ক্ষনিকালয় বোর্ডিং এর সামনে পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে রাব্বিকে নেশা জাতীয় ৪ টি ফেন্টি, ৪ টির পেন্টাজো ইনজেকশন, দুই পুরিয়া গাঁজা এবং মাদকগ্রহণ কাজে ব্যবহৃত ১ টি সিরিঞ্জ উদ্ধার করা হয়।

এসময় সেখানে ভ্রাম্যমান আদালত (মোবাইল কোর্ট) পরিচালনা করে এই কারাদন্ড প্রদান ও জরিমানা আদায় করা হয়। যার মোবাইল কোর্ট মামলা নং-১০/২৪, তারিখ-০৮/০২/২৪।

পরে বিকালের দিকে দণ্ডাদেশপ্রাপ্ত রাব্বিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়। এছাড়া জব্দকৃত মাদক পুড়িয়ে ধংশ করা হয়।

গাংনীতে শিশু যৌন নিপিড়ককে গণধোলাই শেষে পুলিশে

আট বছর বয়সী এক শিশুকে যৌন নিপিড়নের অভিযোগে আইনাল হোসেন (৫৫) নামের এক ব্যক্তিকে গণধোলাই শেষ পুলিশে দিয়েছে স্থানীয়রা।

আজ বৃহস্পতিবার (৮ ফেব্রয়ারি) বিকালে গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামের এই ঘটনা ঘটে। সন্ধ্যার দিকে গাংনী থানা পুলিশ তাকে আটক করে থানায় নিয়েছেন।

অভিযুক্ত আইনাল হোসেন মানিকদিয়া গ্রামের ওমর আলী শাহের জামাতা। তার নিজ বাড়ি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া গ্রামে।

স্থানীয়রা জানান, মানিকদিয়া গ্রামের সাত বছর বয়সী এক শিশু তার বান্ধবীর সাথে বাড়ির পাশের মাঠে ফসলের ক্ষেতের বাইতুর শাক তুলতে যায়। ওই মাঠেই কাজ করছিলেন আইনাল হোসেন।

শিশু দুটিকে একা পেয়ে একটি শিশুকে মুখ চেপে যৌন নিপিড়ন চালায়। এসময় অপর শিশুটির চিৎকারে আশেপাশের লোকজন ছুটে যান। এসময় আইনাইল হোসেন পালানোর চেষ্টা করতে গেলে জনগণ তাকে আটক করে গণপিটুনি দেয়।

পরে খবর পেয়ে সন্ধ্যার দিকে গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে গিয় আইনালকে আটক করে থানায় নেন।

এবিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, শিশু যৌন নিপিড়নের অভিযোগের আইনালের বিরুদ্ধে মামলা দায়ের হচ্ছে। তাকে গ্রেফতার দেখিয়ে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

স্থানীয়রা জানান, আইনাল হোসেনের বাড়ি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া গ্রামে। প্রায় ২০ বছর আগে তার আগের পক্ষের কয়েকজন স্ত্রী ও সন্তান রেখে গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামে এসে ওমর আলী শাহের মেয়ের সাথে বিয়ে করেন। সেই থেকে এই গ্রামেই তার শশুরের বাড়িতে ঘরজামাই হিসেবে বসবাস করছেন।

গাংনীতে ট্রলির সাথে যাত্রীবাহি বাসের ধাক্কায় আহত ৩

মেহেরপুর কুষ্টিয়া সড়কের চোখতোলা নামক স্থানে মাটিবাহি ট্রলির সাথে যাত্রীবাহি একটি বাসের ধাক্কায় ট্রলি চালকসহ তিনজন আহত হয়েছে। আজ বুধবার সকালে এঘটনা ঘটে।

আহতরা হলেন, গাংনী উপজেলার শিমলতলা গ্রামের একতার হোসেনের ছেলে জলি (৩৫)। বাদিয়া পাড়া গ্রামের বুলবুল হোসেনের ছেলে আব্দুর ছাত্তার (২৮)। এছাড়াও মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের বাসিন্দা ট্রলির ড্রাইভার বাবু মিয়া (৩০) আহত হয়। স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স ভর্তি করেছে। বর্তমানে চিকিৎসা চলছে।

স্থানীয়রা জানান, মেহেরপুর কুষ্টিয়া সড়ক সংস্কারের কাজ চলছে এসময় ট্রলি করে মাটি রাস্তার ধারে ফেলার সময় যাত্রীবাহি বাস ধাক্কা দিলে ট্রলি খাদে পড়ে ড্রাইভারসহ শ্রমিক আহত হয়েছে।

এ বাপারে গাংনী থানার ওসি তাজুল ইসলাম সড়ক দৃর্ঘটনায় বিষয়টি নিশ্চিত করেছেন।

গাংনীতে ডিসি ইকোপার্কের দুটি দোকানে তালা ভেঙ্গে চুরি

গাংনীর ভাটপাড়া নীলকুঠি জেলা প্রশাসক (ডিসি) ইকোপার্কে দুটি দোকানের তালা ভেঙ্গে মালামাল চুরির ঘটনা ঘটেছে।গতকাল সোমবার রাতের কোন এক সময় চুরির ঘটনা ঘটে।

দোকান মালিক শফিকুল ইসলাম ও হেলাল উদ্দিন জানান, ইকো পার্কের দোকান ভাড়া নিয়ে ব্যবসা করেন। পার্কে লোকজন দর্শনার্থী না থাকায় ব্যবসাও অনেক মন্দা। তার পরেও দোকান খুলে বসে থাকি। সোমবার সন্ধায় দোকানে তালা লাগিয়ে আমরা বাড়ি চলে যায়। সকালে দোকানে গিয়ে দেখি আমাদের দুজনের দুটি দোকানের তালা ভেঙ্গে বিভিন্ন মালামাল ও নগদ টাকা চুরি হয়েছে। আমরা বিষয়টি গাংনী উপজেলা নির্বাহী অফিসারকে জানিয়েছি। ব্যবসায়ীরা আরও জানান, পার্কে চোরের উপদ্রব বেড়ে যাওয়ায় অনেকই ব্যবসা ছেড়ে দিয়েছে।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান, চুরির বিষয়টি শুনেছি। ঘটনার তদন্ত করা হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও পার্ক পরিচালনা কমিটির সভাপতি প্রীতম সাহা জানান, চুরির বিষয়টি আমাকে জানিয়েছে। বিষয়টি পুলিশকে দায়িত্ব দেয়া হয়েছে। চুরির সাথে জড়িতদের সনাত্ব করে আইনের আওতায় আনা হবে।